

তারিখ: 31/08/2017

হারদোই আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, হারদোই, উত্তর প্রদেশ-এর লাইসেন্স আরবিআই বাতিল করল

জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা জানান হচ্ছে যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) অগস্ট 11, 2017 তারিখাঙ্কিত দ্রষ্টব্য আদেশের মাধ্যমে, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথাপ্রযোজ্য)-এর ধারা 22 তৎসহ পঠিত ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 56-এর অধীনে ব্যাঙ্কিং ব্যবসাকার্য চালানোর জন্য হারদোই আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড., হারদোই, উত্তর প্রদেশ এর লাইসেন্স অগস্ট 30, 2017 তারিখ কাজের শেষ থেকে প্রযোজ্যভাবে বাতিল করে দিয়েছে। ইতিমধ্যে তৎকাল ভিত্তিতে ব্যাঙ্কটিকে আমানত গ্রহণ/ ফেরত সহ ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথাপ্রযোজ্য)-এর ধারা 5(b) -এর দ্বারা সংজ্ঞায়িত 'ব্যাঙ্কিং' সম্পর্কিত ব্যবসায়িক লেনদেন থেকে নিষেধ করে রাখা হয়েছে।

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি: 2017-2018/587